

## 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২২৯৭

১১. বিবাহ অধ্যায় (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ৫৩. তাহলীল (বা হিল্লা) করা নিষিদ্ধ হওয়া সম্পর্কে

### بَاب فِي النَّهْيِ عَنِ التَّحْلِيلِ

আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ أَبِي قَيْسٍ عَنِ الْهَزِيلِ عَنِ عَبْدِ اللَّهِ قَالَ لَعَنَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُحِلَّ وَالْمُحَلَّلَ لَهُ

বাংলা

২২৯৭. আব্দুল্লাহ (ইবনু মাসউদ) রাঈয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হিল্লাকারী (হালালকারী) পুরুষ ও যার জন্য হিল্লা করা হয়-এ উভয়কে লা'নত করেছেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫০৫৪ তে।

((আহমাদ ১/৪৪৮,৪৫০,৪৫১, ৪৬২; তিরমিযী, নিকাহ ১১২০; নাসাঈ, তালাক ৬/১৪৯ সহীহ সনদে; এছাড়া এর শাহিদ হাদীস রয়েছে আলী, উকবাহ ইবনু আমির, আবী হুরাইরাহ, ইবনু আব্বাস, জাবির রাঈয়াল্লাহু আনহু হতে। বিস্তারিত দেখুন, মুহাক্কিকের তাহক্বীককৃত মুসনাদে আবী ইয়ালা হা/৫০৫৪ এর টীকাটি।- অনুবাদক))

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82580>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন